# ড. উৎপল দে'র অকালপ্রয়াণ

স্বভাবে বিনয়ী ও নম্র এবং মেধায় প্রখর এক স্নিগ্ধ ব্যক্তিত্বের মানুষ ড. উৎপল দে (৫০) সবার অগোচরে হঠাৎ চিরবিদায় নিলেন। বেশ কয়েকদিন খোঁজখবর না পেয়ে তাঁর বন্ধু শ্রী অসিত রায় ও শ্রী সুরঞ্জন সাহা গত ৮ মে ব্যাপারটি নিউ সাউথ ওয়েলস পুলিশকে জানান। পুলিশ তাঁদেরকে নিয়ে ড. দে'র মাসকটস্থ বাসায় গেলে তাঁকে মৃত অবস্থায় দেখতে পান। মৃত্যু সংবাদটি তড়িৎ গতিতে ছড়িয়ে পড়লে বাংলাদেশ কমিউনিটি ও পরিচিত অন্যান্যদের মধ্যে শোকের ছায়া নেমে আসে। পরবর্তীতে শ্রী সঞ্জীব মহাজন পিন্টু, শ্রী অসিত রায় ও শ্রী অঞ্জন কর্মকার কমিউনিটির আরও অনেকের সহায়তায় যথাযথভাবে তাঁর মৃতদেহ সৎকারের ব্যবস্থা করেন। গত শনিবার ১৩ মে R J Funeral Superior Service Building, 52 King Street, St. Marys এ ড. দে'র বিদেহী আত্মার উদ্দেশ্যে এক সার্বজনীন স্মরণ ও প্রার্থনা সভা আয়োজন করা হয়।

ড. উৎপল দে'র ব্যক্তিত্ব, কৃতিত্ব ও গুণাবলীর ওপর আলোকপাত করেন তাঁর অসংখ্য গুণগ্রাহী। তাঁর বিশিষ্ট বন্ধু ও ইস্কন ভক্ত শ্রী তরুণ দাশ অপরাপর ভক্তদের নিয়ে দীর্ঘক্ষণ হরিনাম কীর্তন পরিবেশন করেন ও ড. দে'র প্রবাস জীবনের বিভিন্ন ঘটনা সম্পর্কে স্মৃতিচারণ করেন।

এ ছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, চট্টগ্রাম প্রকৌশল মহাবিদ্যালয়ের প্রাক্তন সহপাঠী, পরিচিত জন ও ছাত্রবৃন্দ ও বর্তমান কর্মক্ষেত্রের সহকর্মীরা আবেগাপ্লুত হয়ে স্মৃতিচারণ করেন। অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধান করেন শ্রী সঞ্জীব মহাজন পিন্টু। গত ১৫ মে সোমবার ওয়ালগ্রোভ এলাকার পাইনগ্রোভ-এ সকাল ১০.৩০ মিনিটে সনাতন ধর্মমতে শেষকৃত্য সম্পাদিত হয়। এখানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শ্রী অনিল নাথ, শ্রী অঞ্জন কর্মকার, শ্রী অসিত রায়, শ্রী পাপ্পু নাথ, শ্রী সজল দাশ, শ্রী সঞ্জীব মহাজন পিন্টু ও শ্রী দীপ সেন।

**সংক্ষিপ্ত জীবনী**

ড. উৎপল দে ছিলেন অবিবাহিত। মৃত্যুকালে তিনি বিধবা মা, একমাত্র ভাই ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তিনি চট্টগ্রাম প্রকৌশল মহাবিদ্যালয়ে যন্ত্রকৌশল বিভাগে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেন। পরবর্তীতে জাপানের মনবুশো স্কলারশীপ নিয়ে বিশেষ কৃতিত্বের সাথে মাস্টার্স ও পিএইচডি শেষ করেন। শিক্ষাশেষে তিনি বাংলাদেশ, নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়ার বিভিন্ন প্রসিদ্ধ সংস্থায় গুরুত্বপূর্ণ পদে আসীন ছিলেন।

**বিশেষ আবেদন**

ড. উৎপল দে'র পরিবারের কেউ অস্ট্রেলিয়ায় বসবাস করেন না। কমিউনিটির সবার আর্থিক অনুদান ও সহায়তায় মৃতের সৎকারসহ অন্যান্য কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। এজন্য আর্থিক সহায়তা আবশ্যক। আর্থিক অনুদানে আগ্রহী সহৃদয় ব্যক্তিদেরকে শ্রী অঞ্জন কর্মকারের সাথে (০৪০১৬৮৯৫৬৪) যোগাযোগ করতে বিশেষ অনুরোধ জানানো যাচ্ছে।